গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

## অফিস আদেশ

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০৬.১২- ৬৮৫ –    তারিখ : ১৭-০৩-২০২০ খ্রিস্টাব্দ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬ মোতাবেক রাজস্ব খাতভূক্ত বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুন:নির্ধারণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে নিম্নে উল্লিখিত সংখ্যা ও হার মোতাবেক স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তি প্রদানের লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরে ০৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ''মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তির'' বিশ্ববিদ্যালয় ভিত্তিক কোটা বণ্টন করা হলো।

**স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে :**

| ক্রমিক | বিশ্ববিদ্যালয়ের নাম | মেধাবৃত্তি | | | সাধারণ বৃত্তি | | | বৃত্তির মেয়াদকাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মেধাবৃত্তির সংখ্যা | বৃত্তির হার (মাসিক) | এককালীন অনুদান (বাৎসরিক) | সাধারণ বৃত্তির সংখ্যা | বৃত্তির হার (মাসিক) | এককালীন অনুদান (বাৎসরিক) | |
| ১. | ঢাকা বিশ্ববিদ্যালয় | ৩৫ | ১১২৫.০০ | ১৮০০.০০ | ১৮৭৫ | ৪৫০.০০ | ৯০০.০০ | ০১(এক) বছর |
| ২. | রাজশাহী বিশ্ববিদ্যালয় | ২৬ | | | ৯৮৪ | | | |
| ৩. | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ১৮ | | | ৫৬২ | | | |
| ৪. | জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | ১৬ | | | ২৮১ | | | |
| ৫. | শাহজালাল বিশ্ববিদ্যালয় | ১২ | | | ১৪১ | | | |
| ৬. | খুলনা বিশ্ববিদ্যালয় | ১২ | | | ১৪১ | | | |
| ৭. | ইসলামী বিশ্ববিদ্যালয় | ১৩ | | | ১৪১ | | | |

**নিম্নোক্ত শর্তাবলী অনুসরনের জন্য অনুরোধ করা হলো:**

১। জাতীয় মেধার ভিত্তিতে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রস্তুতকরণ;
২। বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী অনুপাতে মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তির ৫০% ছাত্র এবং ৫০% ছাত্রী হিসেবে বণ্টিত হবে। তবে যোগ্য ছাত্রী না পাওয়া গেলে যোগ্য ছাত্র কে সম্পূরক বৃত্তি দেয়া যাবে;
৩। বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী উচ্চতর শ্রেণিতে অধ্যয়নের জন্য ভর্তি হলেই কেবল বৃত্তি ভোগের যোগ্য হবেন;
৪। এই বৃত্তির ব্যয় চলতি (২০১৯-২০২০) অর্থবছরের রাজস্ব বাজেটের ''১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭'' বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে এবং প্রকাশিত বৃত্তির গেজেটে উল্লিখিত খাত/কোড নম্বর সঠিকভাবে মুদ্রণ;
৫। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বৃত্তির নীতিমালা অনুসরণ করে উল্লিখিত বণ্টন মোতাবেক আগামী ২৯/০৩/২০২০ তারিখের মধ্যে বৃত্তির গেজেট প্রকাশ পূর্বক প্রকাশিত বৃত্তির গেজেটের হার্ডকপির ০১ (এক) সেট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ, ০১ (এক) সেট মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা বরাবরে প্রেরণ। এছাড়া উক্ত গেজেটের সফ্ট কপি dshe.stipend@gmail.com ঠিকানায় ই-মেইলে প্রেরণ;
৬। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে রাজস্ব খাতভুক্ত মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি বিষয়ক ১টি সেবাবক্স তৈরী করে বৃত্তির গেজেট/বিজ্ঞপ্তি/অফিস আদেশসমূহ নিয়মিত আপলোড করণ।

২০১৯-২০২০ অর্থবছরে স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে প্রকাশিত গেজেটে তালিকাভুক্ত মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের
বৃত্তির অর্থ প্রাপ্তির আবেদন সংক্রান্ত :

*** অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.১০২.২০.০১৮.১৫-২৪৬, তারিখ : ১৭/০৬/২০১৯ মোতাবেক চলমান ২০২০ সাল এবং পূর্ববর্তী বিভিন্ন মেয়াদে রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ ২০১৯-২০২০ অর্থবছর হতে জি-টু-পি (ইএফটি) এর আওতায় শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে অনলাইনে প্রেরনের নির্দেশ দেয়া হয়েছে। এ প্রেক্ষিতে নিয়মিত অধ্যয়নরত মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি সংযুক্ত ছকে **(এক্সেল ফরম্যাটে)** পূরণপূর্বক আগামী ১০/০৪/২০২০ তারিখের মধ্যে সফ্ট কপি ই-মেইলে (ই-মেইল ঠিকানা-dshe.stipend@gmail.com) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : **বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রেরণের (এক্সেল ফরম্যাট) ছক।**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক

প্রাপক :
রেজিস্ট্রার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/শাহজালাল/খুলনা/ইসলামী বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০৬.১২- ৬৮৫/১০ –    তারিখ : ১৭-০৩-২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক, কলেজ ও প্রশাসন/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. নির্বাহী পরিচালক এসপিএফএমএসপি প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
০৪. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ নং পুরানা পল্টন, ঢাকা।
০৬. বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা..............................................................................
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
(**''২০১৯-২০২০ অর্থবছরে স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে মেধা ও সাধারণ বৃত্তির কোটা বণ্টনের অফিস আদেশ''** শিরোনামে পত্রটি মাউশি'র ওয়েব সাইটে নোটিশ বোর্ডে এবং পত্রটি ০৭টি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ই-মেইলে প্রেরণ এবং বর্ণিত অফিস আদেশের আলোকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের তথ্য ইএমআইএস সেল-এ প্রেরিত হয়েছে কিনা এ বিষয়ে নিশ্চিতকরণের অনুরোধসহ)
০৮. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৯. সংরক্ষণ নথি

১৭/৩/২০২০
(মো: নুরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন: ৯৫৭৩৮৪২

# বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রেরণের নিয়মাবলী

স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নলিখিত নিয়মাবলী অনুসরন করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

১। সংযুক্ত ছক এক্সেল ফাইল অনুযায়ী বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য ইংরেজিতে পূরণ করবেন। এক্সেল ফাইলের একটি সারি (Row) -তে একজন শিক্ষার্থীর তথ্য দিবেন। এভাবে যতজন বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী আছে মোট ততগুলো সারি (Row) পূরণ করে এক্সেল ফাইলটি প্রস্তুত করবেন।

এক্সেল ফাইলের কলামগুলির ব্যাখ্যা:

1. Category: Talent Pool/General
2. Last Exam Name: Hons
3. Last Exam Year: Exam year of Hons
4. Registration No.: Student’s Registration Number of Hons exam
5. Admission Year: Student’s Admission Year in Masters
6. Student Name
7. Birth Reg. No.: Student’s Birth Reg. No
8. Father Name
9. Father NID
10. Mother Name
11. Mother NID
12. Guardian Name (If applicable): Name of Guardian if necessary
13. Guardian NID (If applicable): NID of Guardian if necessary
14. Division: Student’s Permanent Division
15. District: Student’s Permanent District
16. Upazila/Thana: Student’s Permanent Upazila/Thana
17. Mobile No: Student’s Contact No
18. University Name
19. University Mobile
20. Student’s Account Number: Bank Account Number of the student with online banking facility
21. Bank Name: Name of the Bank
22. Bank Branch: Bank Branch Name

২। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য পূরণপূর্বক এক্সেল ফাইলটি ই-মেইলে (ই-মেইল ঠিকানা: dshe.stipend@gmail.com ) প্রেরণ করতে হবে।